পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী পরিচালিত হয়ে আসছে। অক্টোবর ২০২১ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত সময়ে ওয়েব সাইটের মাধ্যমে প্রাপ্ত মোট ০৩টি অভিযোগ পাওয়া গিয়েছে এবং ০২টি অভিযোগ বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে ও ০১টি অভিযোগ নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে। অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন বিধি মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ এবং আইএমইডি'র ওয়েবসাইটে যথারীতি আপলোড করা হচ্ছে।

০২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার তথ্য ওয়েব সাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নির্দেশনার প্রেক্ষিতে গত ৩০/৯/২০২১ তারিখে ২১.০০.০০০০.০২২.৯৯.০১৬.১৮-৩৪২ নং স্মারকে অফিস আদেশ জারী করা হয়েছে এবং ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখ ওয়েবসাইটে হালনাগাদকৃত তথ্য সন্নিবেশ করা হয়েছে।

০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি.আর.এস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রতি ত্রৈমাসিকে ০১টি করে করার বিধান রয়েছে। সে অনুযায়ী ২য় ত্রৈমাসিকের প্রশিক্ষণটি গত ২২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

০৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ০২টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। অদ্যাবধি অংশীজনের অংশগ্রহণে সভা করা হয়নি তবে অংশীজনের সমন্বয়ে অবহিতকরণ সভার জানুয়ারি মাসে আয়োজনের কর্মপরিকল্পনা করা হয়েছে।

০৫। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা (বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২) অনুযায়ী এ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

(আবদুল্লাহ আল মামুন)
মহাপরিচালক
ও
ফোকাল পয়েন্ট
অফিস নিষ্পত্তি কর্মকর্তা

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ইউও নোট নং-২১.০০.০০০০.৪৫৬.২৭.০০১.১৮-২১৫

তারিখঃ ৯-০১-২০২২ খ্রি: